

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.১৯.২৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বিচারার্থে ও দণ্ডদানার্থে বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক) বাংলাদেশে আনয়নের বিষয়ে পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত টাস্কফোর্স' নিম্নরূপে গঠন করেছে :

(ক) টাস্কফোর্সের গঠন :

- |   |          |
|---|----------|
| (১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | : সভাপতি |
| (২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়               | : সদস্য  |
| (৩) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়                | : সদস্য  |
| (৪) বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল                  | : সদস্য  |
| (৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়                   | : সদস্য  |
| (৬) সচিব, জননিরাপত্তা বিভাগ                       | : সদস্য  |
| (৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ                      | : সদস্য  |
| (৮) সচিব, আইন ও বিচার বিভাগ                       | : সদস্য  |

( ২৩৬০৯ )

মূল্য : টাকা ৪.০০

- (৯) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ : সদস্য  
 (১০) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) : সদস্য  
 (১১) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) : সদস্য  
 এ টাস্কফোর্সে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **টাস্কফোর্স-এর কার্যপরিধি :**

- (১) বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক)-কে বিচারার্থে ও দণ্ডদানার্থে বাংলাদেশে আনয়নের উদ্দেশ্যে তাদের নামের তালিকা প্রণয়ন;  
 (২) যথাযথ সূত্র ব্যবহার করে বিদেশে আসামীদের অবস্থান চিহ্নিতকরণ;  
 (৩) সংশ্লিষ্ট দেশ হতে আসামীদেরকে দেশে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ এবং ফেরত আনার কার্যক্রম তদারকি;  
 (৪) কোনো আসামী ইতোমধ্যে বিদেশে নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সেক্ষেত্রে তাকে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ ও এ সংক্রান্ত কার্যক্রম তদারকি; এবং  
 (৫) এতদসংক্রান্ত অন্য সকল কার্যক্রম।
- (গ) উক্ত টাস্কফোর্সের কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- (ঘ) টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঙ) টাস্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (চ) জননিরাপত্তা বিভাগ এ টাস্কফোর্স-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ছ) এতদসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখে ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১২৫ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
 বেবী পারভীন  
 উপসচিব  
 ফোন: ৯৫১১০৮১  
 email: ca\_sec@cabinet.gov.bd